গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৩
(স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন)
শের-ই- বাংলা নগর, ঢাকা।
www.imed.gov.bd

নিবিড় পরিবীক্ষণের জন্য নির্বাচিত প্রকল্পের বিবরণী ও পরামর্শকের কার্যপরিধি (ToR):

ক. প্রকল্পের বিবরণী:

১	প্রকল্পের নাম	:	**উপজেলা কমপ্লেক্স সম্প্রসারণ প্রকল্প (২য় সংশোধিত)**
২	উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ	:	স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়/স্থানীয় সরকার বিভাগ।
৩	বাস্তবায়নকারী সংস্থা	:	স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি)
৪	প্রকল্পের অবস্থান	:	**সমগ্র দেশে ২৩৪ টি উপজেলা**

৫. প্রাক্কলিত ব্যয় ও বাস্তবায়নকাল:

৫.১	**অনুমোদিত ব্যয়** (লক্ষ টাকা)	:	মূল	১ম সংশোধিত	২য় সংশোধিত
	মোট	:	৭৭৪৮৫.০০	১১৯৯৩৪.০০	১৪৩০০০.০০
	জিওবি	:	৭৭৪৮৫.০০	১১৯৯৩৪.০০	১৪৩০০০.০০
	প্রকল্প সাহায্য	:	-	-	-

৫.২	**বাস্তবায়নকাল**	:	মূল	১ম সংশোধিত	২য় সংশোধিত	ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি
	শুরুর তারিখ	:	এপ্রিল ২০১১	এপ্রিল ২০১১	এপ্রিল ২০১১	এপ্রিল ২০১১
	শেষের তারিখ	:	জুন ২০১৫	জুন ২০১৭	জুন ২০১৮	জুন ২০২০

৬. প্রকল্পের উদ্দেশ্যঃ

- উপজেলা পর্যায়ে সম্প্রসারিত প্রশাসনিক ভবন ও হলরুম নির্মাণ করতঃ সরকারের প্রশাসনিক কার্যক্রম নিশ্চিত করা;
- আবাসিক ভবন নির্মাণ করে কর্মকর্তা/কর্মচারীদের আবাসিক সুবিধা প্রদান।

৭. প্রকল্পের প্রধান প্রধান অঙ্গসমূহঃ

- ❖ ভুমি অধিগ্রহণ - ১৮ একর
- ❖ সম্প্রসারিত প্রশাসনিক ভবন ও হলরুম নির্মাণ -২৩৩টি
- ❖ আবাসিক ভবন নির্মাণ - ৪৬টি
- ❖ ভুমি উন্নয়ন

খ. পরামর্শকের কার্যপরিধি (TOR) :

৮.০ **পরামর্শকের দায়িত্বঃ**

৮.১ প্রকল্পের বিবরণ (পটভুমি, উদ্দেশ্য, অনুমোদন/সংশোধনের অবস্থা, অর্থায়নের বিষয়, প্রকল্পের নাম, উদ্যোগী মন্ত্রণালয়, বাস্তবায়নকারী সংস্থা, বাস্তবায়নকাল, প্রাক্কলিত ব্যয়, বছরভিত্তিক ব্যয় প্রাক্কলন, প্রকল্প এলাকা নির্বাচনে যৌক্তিকতা ইত্যাদি সকল প্রযোজ্য তথ্য) পর্যালোচনা,

৮.২ প্রকল্পের সার্বিক এবং বিস্তারিত অঙ্গভিত্তিক বাস্তবায়ন অগ্রগতির (বাস্তব ও আর্থিক) তথ্য সংগ্রহ, সন্নিবেশন, বিশ্লেষণ, সারণি/লেখচিত্রের মাধ্যমে উপস্থাপন ও পর্যালোচনা;

৮.৩ প্রকল্পের উদ্দেশ্য অর্জনের অবস্থা পর্যালোচনাও পর্যবেক্ষণ;

৮.৪ প্রকল্পের আওতায় সম্পাদিত/চলমান বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংগ্রহের (Procurement) ক্ষেত্রে বিদ্যমান আইন ও বিধিমালা (পিপিআর, উন্নয়ন সহযোগীর গাইড লাইনস্ ইত্যাদি) প্রাতিপালন করা হয়েছে/হচ্ছে কি না তা পর্যবেক্ষণ ও পর্যালোচনা (এক্ষেত্রে দরপত্র প্রক্রিয়াকরণ ও মূল্যায়ন পর্যালোচনা করা বাঞ্চনীয়; ডিপিপিতে বর্ণিত ক্রয় কার্যক্রমের প্যাকেজসমূহ ভাঙ্গা হয়েছে কিনা, ভাঙ্গা হলে তার কারণ যাচাই এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে হয়েছে কিনা তা পরীক্ষা করা প্রয়োজন);

৮.৫ প্রকল্পের আওতায় সংগৃহিত/সংগৃহিতব্য পণ্য, কার্য ও সেবা পরিচালনা এবং রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজনীয় জনবলসহ আনুষাঙ্গিক বিষয়াদি নিয়ে পর্যবেক্ষণ ও পর্যালোচনা;

৮.৬ প্রকল্পের আওতায় সংগৃহিত/সংগ্রহের প্রক্রিয়াধীন পণ্য, কার্য ও সেবা সংশ্লিষ্ট ক্রয়চুক্তিতে নির্ধারিত স্পেশিফিকেশন/BoQ/ToR, গুণগতমান পরিমান অনুযায়ী প্রয়োজনীয় পরিবীক্ষণ/যাচাইয়ের মাধ্যমে সংগ্রহ করা হয়েছে/হচ্ছে কিনা সে বিষয়ে পর্যালোচনা ও পর্যবেক্ষণ (এক্ষেত্রে স্পেসিফিকেশন অনুযায়ী গুণগতমান নিশ্চিত করা হচ্ছে কিনা তা মাঠ পর্যায় হতে নমুনা সংগ্রহ ও গবেষণাগারে পরীক্ষার মাধ্যমে যাচাই করা বাঞ্চনীয়।

৮.৭ প্রকল্পের ঝুঁকি অর্থ্যাৎ বাস্তবায়ন সম্পর্কিত বিভিন্ন সমস্যা যেমন অর্থায়নে বিলম্ব, বাস্তবায়নে পণ্য, কার্য ও সেবা ক্রয়/সংগ্রহের ক্ষেত্রে বিলম্ব, ব্যবস্থাপনায় অদক্ষতা ও প্রকল্পের মেয়াদ ও ব্যয় বৃদ্ধি ইত্যাদির কারণসহ অন্যান্য দিক বিশ্লেষণ, পর্যালোচনা ও পর্যবেক্ষন;

৮.৮ প্রকল্পের আংশিক কাজ বাস্তবায়নের পর প্রযোজ্য ক্ষেত্রে সুফল সৃষ্টি হয়েছে কিনা কিংবা প্রকল্পটি পরিকল্পনা মোতাবেক বাস্তবায়িত হলে লক্ষ্যমাত্রা অনুযায়ী সুফল অর্জন সম্ভব কিনা সে বিষয়ে মাঠ পর্যায় হতে প্রাইমারী ডাটা সংগ্রহ ও তা বিশ্লেষণের মাধ্যমে সুনিদিষ্ট পর্যবেক্ষণ ও সুপারিশ প্রদান করতে হবে। এছাড়া মাঠ পর্যায় হতে সরেজমিন পরিদর্শন Individual Interview, KII (Key Informant Information) & FGD (Focus Group Discussion) এর মাধ্যমে তথ্য সংগ্রহ করতে হবে);

৮.৯ প্রকল্প অনুমোদন সংশোধন (প্রযোজ্য ক্ষেত্রে) অর্থ বরাদ্দ, অর্থ ছাড়, বিল পরিশোধ ইত্যাদি বিষয়ে তথ্য-উপাত্তের পর্যালোচনা।

৮.১০ এছাড়া ডিপিপি-তে বছর ভিত্তিক কর্ম পরিকল্পনা ও অর্থ চাহিদার প্রাক্কলন যৌক্তিকতা এবং প্রকল্পের শুরু হতে কর্ম পরিকল্পনা অনুযায়ী প্রকল্প বাস্তবায়ন করা হয়েছে/হচ্ছে কিনা তা পরীক্ষা করা; পরিকল্পনার সাথে ব্যত্যয় ঘটলে তা চিহ্নিত করে প্রতিকারে পরামর্শ এবং ভবিষ্যতের জন্য সুপারিশ প্রদান;

৮.১১ ভবনের ডিজাইনের কোন সীমাবদ্ধতা আছে কিনা? থাকলে নিরাময়ের বিষয়ে মতামত ও বিশ্লেষণ প্রদান;

৮.১২ প্রকল্প সমাপ্তির পর সৃষ্ট সুবিধাদি টেকসই (exit plan) করার লক্ষ্যে মতামত প্রদান;

৮.১৩ প্রকল্পের SWOT বিশ্লেষণ; এক্ষত্রে সার্বিকভাবে চিহ্নিত সবলতা, ত্রুটি, দূর্বলতা বা অসঙ্গতি পর্যালোচনা ও ত্রুটি, দূর্বলতা উত্তোরণের লক্ষ্যে প্রয়োজনীয় সুপারিশ প্রণয়ন;

৮.১৪ প্রকল্প সংশ্লিষ্ট প্রাপ্ত বিভিন্ন পর্যবেক্ষণের ভিত্তিতে সার্বিক পর্যালোচনা ও প্রয়োজনীয় সুপারিশ; এবং

৮.১৫ ক্রয়কারী সংস্থা (আইএমইডি) কর্তৃক নির্ধারিত প্রকল্প সংশ্লিষ্ট অন্যান্য বিষয়াদি।

৯.০ ফার্ম ও ফার্মের পরামর্শকের প্রকৃতি ও যোগ্যতা:

ক্র: নং	ফার্ম ও ফার্মের পরামর্শক	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা
১)	পরামর্শক/ পরামর্শক প্রতিষ্ঠান	-	• গবেষণা/ প্রকল্প পরিবীক্ষণ ও মূল্যায়ন সংক্রান্ত স্ট্যাডি পরিচালনায় ন্যূনতম ১ (এক) বছরের অভিজ্ঞতা;
২)	ক) টিম লিডার-	সিভিল ইঞ্জিনিয়ারিং-এ স্নাতক অথবা স্নাতকোত্তর ডিগ্রী; মাস্টার্স/উচ্চতর ডিগ্রী থাকলে অগ্রাধিকার প্রদান করা হবে।	• গবেষণা/স্ট্যাডি পরিচালনায় কমপক্ষে ১০ (দশ) বছরের অভিজ্ঞতা; • সংশ্লিষ্ট কাজে ১০ (দশ) বছরের অভিজ্ঞতা এবং টিমলিডার হিসেবে কমপক্ষে ১ (এক)টি পরিবীক্ষণ ও মূল্যায়ন সমীক্ষা পরিচালনা করার অভিজ্ঞতা; • ভবন নির্মাণ বিষয়ে অভিজ্ঞতা থাকতে হবে; • পাবলিক প্রকিউরমেন্ট এ্যাক্ট (পিপিএ) ও পাবলিক প্রকিউরমেন্ট রুলস (পিপিআর) এবং e-GP তে কাজ করার অভিজ্ঞতা ; • প্রতিবেদন প্রণয়নে বিশেষ দক্ষতা; • উপস্থাপনা দক্ষতা (Presentation Skill)
	খ) মিড-লেভেল ইঞ্জিঃ	ন্যূনতম সিভিল ইঞ্জিনিয়ারিং -এ স্নাতক ডিগ্রি	• সিভিল ইঞ্জিনিয়ারিং কাজে কমপক্ষে ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা এবং সংশ্লিষ্ট কাজে ৩ (তিন) বছরের অভিজ্ঞতা থাকতে হবে; • পরিবীক্ষণ ও মূল্যায়ন কাজে অভিজ্ঞতা অগ্রাধিকারপ্রাপ্ত; • পাবলিক প্রকিউরমেন্ট এ্যাক্ট (পিপিএ) ও পাবলিক প্রকিউরমেন্ট রুলস (পিপিআর) -এর বিষয়ে কাজ করার অভিজ্ঞতা। এছাড়া e-GP তে কাজ করার অভিজ্ঞতা ; • কম্পিউটারে বিশেষ দক্ষতা, প্রতিবেদন প্রণয়নে দক্ষতা;
	গ) আর্থ-সামাজিক বিশেষজ্ঞ	ডেভেলপমেন্ট স্ট্যাডিজ/ অর্থনীতি/সমাজবিজ্ঞান/ পরিসংখ্যান বিষয়ে ন্যূনতম স্নাতকোত্তর ডিগ্রি	• গবেষণা/স্ট্যাডি পরিচালনায় কমপক্ষে ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা; • আর্থ-সামাজিক বা সমজাতীয় কাজে ১ বছরের অভিজ্ঞতা;
	ঘ) ডাটা ম্যানেজমেন্ট বিশেষজ্ঞ	পরিসংখ্যান বিষয়ে ন্যূনতম স্নাতকোত্তর ডিগ্রি	• ডাটা ম্যানেজমেন্ট সংশ্লিষ্ট কাজে কমপক্ষে ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা; • বিভিন্ন Statistical Software Package পরিচালনায় দক্ষতা;

১০.০ নিম্নলিখিত প্রতিবেদনসমূহ দাখিল করতে হবে:

ক্র নং	প্রতিবেদনের নাম	দাখিলের সময়	মন্তব্য
১)	ইনসেপশন রিপোর্ট	চুক্তি সম্পাদনের ১৫ দিনের মধ্যে	
২)	১ম খসড়া প্রতিবেদন	চুক্তি সম্পাদনের ৬০ দিনের মধ্যে	
৩)	২য় খসড়া প্রতিবেদন	চুক্তি সম্পাদনের ৮০ দিনের মধ্যে	
৪)	চূড়ান্ত প্রতিবেদন (বাংলায় ৪০ কপি ও ইংরেজীতে ২০ কপি)	চুক্তি সম্পাদনের ১০০ দিনের মধ্যে	

১১.০ ক্লায়েন্ট কর্তৃক প্রদেয়:

- প্রকল্প দলিল ও প্রকল্প সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিবেদন (যেমন: আইএমইডি-০৫ প্রতিবেদন, ডিপিপি);

সুজন চন্দ্র ভৌমিক
সহকারী পরিচালক
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার